

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৭

- ৩। সাধু ভাগবতের প্রমাণ, সে প্রমাণ নয় অপ্রমাণ,
করবে নাম সুধাপান, সুখ পাবি যে অস্তে।
পঞ্চমুখে পরম সুখে নাম জপে উমাকাণ্ডে ॥
- ৪। নাম জপা ভক্ত যারা, সুধাপান করে তাঁরা,
প্রেমেতে মাতোরয়ারা, কে পারে তাই চিন্তে।
আপনি মেতে, জগৎ মতায় হরিনাম মহামন্ত্রে ॥
- ৫। *শ্রীগুরুর বাক্য দর, অনিত্য তর্ক ছাড়,
এ দেহ সৃক্ষ কর, যাবে ভব চিন্তে।
অশ্বিনী তোর মানব জনম, গেল কাণ্ডে কাণ্ডে ॥

২২ নং তাল- গড়খেমটা

- ভূতলে চাঁদ নেমেছে ভুবন মোহন,
হ'ল চাঁদের আগমন, হরিচাঁদের আগমন।
গেলে শ্রীধাম ওড়াকান্দি পাবি দরশন ॥
- ১। সত্য-ব্রোতা-দ্বাপর গেল, পুরিতে পূর্ণশশী বাকী ছিল,
এবার জীবরে ভাগ্যোদয়, হ'ল পূর্ণচাঁদ উদয়।
জীবের চিন্ত তমঃ সন্দ করিতে মোচন ॥
- ২। ভকত চকোর যাঁরা, হরিচাঁদের সুধাপানে মাতোয়ারা,
হ'য়ে ভাবেতে বিভোল, হরিনামেতে পাগল।
প্রেমে তনু ডগমগ করে দু'নয়ন ॥
- ৩। পূর্ববঙ্গ বাকী ছিল, পুরাইতে ভক্তের বাঞ্ছা পুনঃ এল,
সঙ্গে লয়ে ভক্তগণ, প্রেমরসে মগন।
জগতে প্রেমসুধা করে বরিষণ ॥
- ৪। লেগে হরিচাঁদের কিরণ, মা'তল তারক মহানন্দ

গোলোক হীরামন,

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের জ্যেষ্ঠ পুত্র।